

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

Tel: 9144252-3, Fax: 9180968, E-mail: info@cptu.gov.bd, Website: www.cptu.gov.bd

নং-২১.০০.০০০০.৩৬৪.০৭.৯০৫(১).১৭-২৯৯

তারিখঃ ১৪/০৬/২০১৮

বিষয়ঃ দরপত্র মূল্যায়নে Similar Nature of Works Experience এর ক্ষেত্রে যৌগ উদ্যোগে (Joint Venture) অংশগ্রহণকারী
অংশীদারদের অভিজ্ঞতা নিরূপন সংক্রান্ত।

সূত্র: ০৩.৩৫৩.০১৪.০০.১৭৭১.২০১৮-১৯৭; তাং- ২৮/০৫/২০১৮

উপর্যুক্ত বিষয়ে সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিবেচ্য পত্রের ভাষ্যমতে দরদাতার যোগ্যতা হিসেবে সফলভাবে বাস্তবায়িত কমপক্ষে একটি একক কাজের অভিজ্ঞতা (কমপক্ষে ১৫০.০০ লক্ষ টাকা চুক্তিমূল্যের) চাওয়া হয়েছে। বিবেচ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট দরদাতা প্রতিষ্ঠান JV'র আওতায় অতীতে সম্পাদিত কাজের অভিজ্ঞতার সনদ দাখিল করেছে যাতে উক্ত দরদাতা কর্তৃক সম্পাদিত কাজের আর্থিক মূল্য ১,২৮,৫০,৮৩৬.৯৩৯ টাকা যা নির্ধারিত ১৫০.০০ লক্ষ টাকার চুক্তিমূল্য অপেক্ষা কম। ফলে দেখা যাচ্ছে, দাখিলকৃত কাজের মোট চুক্তিমূল্য যা-ই হোক না কেন সংশ্লিষ্ট দরদাতা কর্তৃক সম্পাদিত অংশের মূল্য Tender Data Sheet (TDS)-এ উল্লিখিত মূল্য (১৫০.০০ লক্ষ টাকা) অপেক্ষা কম যা দরপত্রের শর্ত পূরণ করেনা।

০২। এমতাবস্থায়, দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত পূর্ব কাজের অভিজ্ঞতা সংক্রান্ত সনদের গ্রহণযোগ্যতার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের এখতিয়ার সংশ্লিষ্ট দরপত্র মূল্যায়ন কমিটির।

০৩। বিবেচ্য পত্রের প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হলো।

প্রধান প্রকৌশলী
বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়, বেপজা কমপ্লেক্স
বাড়ী #১৯/ডি, রোড#৬, ধানমন্ডি
ঢাকা-১২০৫।

(মোহাম্মদ সালাহ উদ্দিন)
উপপরিচালক
ফোনঃ ৯১৮০৬৬৪
cptudd2@cptu.gov.bd

অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
২. অফিস কপি।